

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
১৫২/১, এস ইসলাম পার্ক ভিউ, পার্ক রোড, ছোটরা, কুমিল্লা
www.cevccomilla.gov.bd

মুসক অব্যাহতির প্রত্যয়নপত্র

জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৮৮-আইন/২০১৯/৪৫-মুসক, তারিখ: ১৩/০৬/২০১৯ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ২০/মুসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে এই দপ্তরের অধিক্ষেত্রে অবস্থিত মূল্য সংযোজন কর নিবন্ধিত এবং শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠান হিসাবে ঘোষিত নাসা স্পিনার্স লিমিটেড, প্লট নং-২২০(অংশ), ২০১-২০৮, কুমিল্লা ইপিজেড, কুমিল্লা (মুসক নিবন্ধন নম্বর-০০০১২৪০৭২-০৬০১) নামীয় প্রতিষ্ঠানকে তাদের গত ১২/০২/২০২৪ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি কাজে ব্যবহৃত গ্যাস মিটার নং- ৮৩০৪৭৭১৮/২০১৩ (গ্রাহক সংকেত নম্বর-1010CP-100027) এর বিলের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর হতে নিম্নবর্ণিত হারে মুসক অব্যাহতির জন্য আদেশ দেয়া হলো।

নামকরণ কোড/সেবার কোড	পণ্য/সেবার বিবরণ	মূল্য সংযোজন কর অব্যাহতির হার
২৭১১.২১.২০	প্রাকৃতিক গ্যাস	১০০ (একশত) শতাংশ


শর্তাবলি:

- (ক) এ অব্যাহতির আদেশ মার্চ/২০২৪ মাসের বিল থেকে কার্যকর হবে এবং ফেব্রুয়ারি/২০২৫ মাস পর্যন্ত বহাল থাকবে;
 - (খ) উল্লিখিত গ্যাস মিটার আলোচ্য প্রতিষ্ঠানের নামে বরাদ্দকৃত থাকতে হবে এবং প্রতিষ্ঠানের নিবন্ধিত অঙ্গনে/ অফিসে সংস্থাপিত থাকতে হবে;
 - (গ) প্রতিষ্ঠান সংলগ্ন আবাসিক ভবন ও রেস্ট হাউসে কোন অবস্থাতেই মুসক অব্যাহতির সুযোগ গ্রহণ করা যাবে না;
 - (ঘ) বর্ণিত গ্যাস সেবা সংশ্লিষ্ট শিল্পে রপ্তানি সহায়ক কাজে ব্যবহৃত হতে হবে;
 - (ঙ) এ আদেশের আওতায় প্রতি মাসের অব্যাহতি প্রাপ্ত মুসক সংশ্লিষ্ট তথ্য উপরে বর্ণিত সাধারণ আদেশের 'পরিশিষ্ট-ক' এর হক মোতাবেক সংশ্লিষ্ট দলিলাদিসহ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে;
 - (চ) প্রতি মাসে দাখিলপত্রের সাথে PRC-র কপি স্থানীয় মুসক কার্যালয়ে দাখিল করতে হবে;
 - (ছ) উপর্যুক্ত সাধারণ আদেশের বিধানাবলি যথাযথভাবে পরিপালনে ব্যর্থ হলে অব্যাহতির সুবিধা বাতিল করা হবে।
- ২। প্রতিষ্ঠান কর্তৃক উপস্থাপিত তথ্য ও প্রামাণ্যের ভিত্তিতে এই প্রত্যয়নপত্র প্রদান করা হলো। পরবর্তী সময়ে উপস্থাপিত তথ্যে কোন গরমিল পাওয়া গেলে কিংবা কোন তথ্য অসত্য বলে প্রমাণিত হলে এই অব্যাহতির সুবিধা বাতিলসহ প্রতিষ্ঠানটির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

কাজী তৌহিদা আখতার
কমিশনার (চলতি দায়িত্ব)
ফোনঃ ০২-৩৩৪৪৪৮১০১
e-mail: cevccomilla@gmail.com

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, চাঁপাপুর, কুমিল্লা।
- ২। ব্যবস্থাপক (রাজস্ব সদর), বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, চাঁপাপুর, কুমিল্লা।
- ৩। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, কুমিল্লা।
- ৪। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কমিশনারেট, কুমিল্লা। আপনাকে প্রত্যয়নপত্রটি এ দপ্তরের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সদর সার্কেল, কুমিল্লা। [আপনাকে প্রতি মাসে দাখিলপত্রের সাথে PRC-র কপি দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো এবং সাধারণ আদেশ নং- ২০/মুসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ এর শর্ত পরিপালনের বিষয়ে প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো]
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, নাসা স্পিনার্স লিমিটেড, প্লট নং-২০০(অংশ) ও ২০১-২০৮, কুমিল্লা ইপিজেড, কুমিল্লা।


২৭.০৫.২০২৪
কাজী তোহিদা আখতার
কমিশনার (চলতি দায়িত্ব)

